গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাজিরপুর, পিরোজপুর।
www.nazirpur.pirojpur.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর জেলাধীন নাজিরপুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডসমূহে শূন্য পদে মহল্লাদার/ দফাদার নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ডের প্রকৃত নাগরিক ও স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | ইউনিয়নের নাম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন-ভাতা |
|---|---|---|---|---|
| ০১ | দীর্ঘা | দফাদার (পদোন্নতির মাধ্যমে) | ১ | সরকারি অংশ ৩,৫০০/- ইউপি অংশ ৩,৫০০/- যাতায়াত ভাতা ১,২০০/- সর্বমোট= ৮,২০০/- এছাড়াও সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতা |
| ০২ | সেখমাটিয়া | দফাদার (সরাসরি) | ১ | |
| ০৩ | শ্রীরামকাঠী | দফাদার (পদোন্নতির মাধ্যমে) | ১ | |

| ক্রমিক | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা | বেতন-ভাতা |
|---|---|---|---|---|---|
| ০১ | মাটিভাঙ্গা | মহল্লাদার | ৩ | ১ | সরকারি অংশ ৩,২৫০/- ইউপি অংশ ৩,২৫০/- যাতায়াত ভাতা ১,২০০/- সর্বমোট= ৭,৭০০/- এছাড়াও সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতা |
| ০২ | মালিখালী | মহল্লাদার | ১,২,৩ | ৩ | |
| ০৩ | দীর্ঘা | মহল্লাদার | ১,৮ | ২ | |
| ০৪ | শাখারীকাঠী | মহল্লাদার | ২,৪ | ২ | |
| ০৫ | নাজিরপুর | মহল্লাদার | ২,৫,৮ | ৩ | |
| ০৬ | শ্রীরামকাঠী | মহল্লাদার | ৫ | ১ | |

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে নির্ধারিত নমুনা আবেদনপত্র অনুসরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর বরাবর স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে। নমুনা আবেদনপত্র বিজ্ঞপ্তির শেষে দেয়া হলো।

০২। আবেদনপত্র আগামী ১০/০১/২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে দাখিল করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

০৩। প্রার্থীর বয়স ১০/০১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩০ বছর বয়স এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (দফাদারের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)

০৪। প্রার্থীকে অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৫। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন বা সম্ভব হলে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৬। শূন্য পদে মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে মৃত/ অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

০৭। এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি, পোষ্য ও অন্যান্যদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৮। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখ ও স্থানে বাছাই পরীক্ষায় (লিখিত, মৌখিক ও শারীরিক) অংশগ্রহণ করতে হবে এবং এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। বাছাই পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১০। প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ-

| প্রার্থী | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | সর্বনিম্ন বুকের মাপ | |
|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক অবস্থায় | সম্প্রসারিত অবস্থায় |
| পুরুষ | ৫ ফুট ইঞ্চি ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| নারী | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

চলমান পাতা-২

১১। আবেদনপত্রের সাথে (ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, (ঘ) প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ড/ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের মূলকপি, (ঙ) মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, পোষ্য কোটার ক্ষেত্রে প্রমাণক হিসেবে সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং খামের উপর কোটা উল্লেখ করতে হবে, (চ) আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর বরাবর ৩০০/- (তিনশ) টাকার পোস্টাল অর্ডার/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে, (ছ) আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে, (জ) সকল সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

১২। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদনের প্রয়োজন নেই।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৪। কোন প্রকার কারণ ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/ পর্যায়ে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪.১২.২৩

(ফাতিমা আজরিন তন্বী)
উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর।
☏ ০২৪৭৮৮৯১৬৭০
ই-মেইলঃ unonajirpur@gmail.com

স্মারক নং- ০৫.১০.৭৯৭৬.০০৬.১১.০১০.২৩- ৯০০

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. মাননীয় সংসদ সদস্য, ১২৭ পিরোজপুর-১ এবং মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. জেলা প্রশাসক, পিরোজপুর।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৫. অফিসার ইনচার্জ, নাজিরপুর থানা।
৬. উপজেলা প্রকৌশলী, নাজিরপুর, পিরোজপুর।
৭. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি উপজেলার তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
৮. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
৯. চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ, নাজিরপুর, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...................................... ইউনিয়ন ভূমি অফিস, নাজিরপুর, পিরোজপুর। (বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)
১১. নোটিশ বোর্ড, উপজেলা প্রশাসন/ উপজেলা পরিষদ/ ................................ ইউনিয়ন পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
১২. অফিস কপি।

১৪.১২.২৩

উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর।

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা দুই কপি)

বরাবর :

উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | পদের নাম: | | | | |
| ০২ | বিজ্ঞপ্তির নম্বর: | | | তারিখ : | |
| ০৩ | প্রার্থীর নাম | বাংলা : | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | |
| ০৪ | জাতীয় পরিচয় নম্বর | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | |
| ০৫ | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা) : | | |
| ০৭ | ১০/০১/২০২৪ তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন | |
| ০৮ | মাতার নাম: | | | | |
| ০৯ | পিতার নাম: | | | | |
| ১০ | ঠিকানা : | বর্তমান | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | |
| | ইউনিয়ন /ওয়ার্ড : | | | | |
| | ডাকঘর : | | | | |
| | পোস্টকোড: | | | | |
| | উপজেলা: | | | | |
| | জেলা: | | | | |
| ১১ | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) | | |
| ১২ | জাতীয়তা: | | ১৩ | লিঙ্গ : | |
| ১৪ | ধর্ম: | | ১৫ | পেশা : | |

| ১৬ | শিক্ষাগত যোগ্যতা | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯ | কোটা (টিক দিন) : | বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০ | পে অর্ডার/ব্যাংক ড্রাফট/ পোস্টাল অর্ডার নম্বর : | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | | | |

২২ আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর